

কে নিবি ফুল কে নিবি ফুল।  
টগর যুথী বেলা মালতী  
চাঁপা গোলাপ বকুল।  
নাগিস ইরানী গুল্ ॥  
আমার যৌবন বাগানে  
হাওয়া লেগেছে ফুল জাগানে  
চলে যেতে ঢলে পড়ি খুলে পড়ে এলো চুল।  
তনুমন আকুল, আঁখি তুলু তুলু ॥  
ওগো ফুটেছে এতো ফুল ফুলমালী কই?  
গাঁথিবে মালা কবে সেই আশে রই।  
সেই মালা দিব কারে ভেবে সারা হই ॥  
সহিতে পারি না এ ফুল ঝামেলা  
চামেলী পারুল ॥